



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 7

Class: 4



Subject: Bengali Grammar: (গল্প লিখন)

Date: 29/07/2020

কৃষক ও তার ছেলে

সংকেত:- এক কৃষকের পাঁচ ছেলে - তারা সর্বদাই ঝগড়া করে - কৃষক ছেলেদের অনেকগুলি লাঠি আনতে বলল - আঁটি বাঁধতে বলল - প্রত্যেককে আঁটিটা ভাঙতে বলল - কেউই ভাঙতে পারল না - এবার লাঠিগুলো খুলে আলাদা করা হল - এক একটি লাঠি ভাঙতে বলল - সহজেই ভাঙা গেল - বোঝা গেল একতাই বল ।

এক কৃষকের পাঁচটি ছেলে ছিল । তারা নিজেদের মধ্যে সর্বদাই ঝগড়া করত । এটা দেখে কৃষকের মনে শান্তি ছিল না । একদিন সে ছেলেদের অনেকগুলি সরু সরু লাঠি আনতে বলল । লাঠিগুলো আনা হলে সেগুলো একসঙ্গে একটা আঁটি বাঁধতে বলল । আঁটি বাঁধা হলে প্রত্যেক ছেলেকে আঁটিটা ভাঙতে দিল । কিন্তু কোন ছেলেই সেই আঁটিটা ভাঙতে পারল না । এবার কৃষক আঁটিটা খুলে ফেললো এবং প্রত্যেক ছেলেকে একটা করে লাঠি দিয়ে সেই লাঠি ভাঙতে বলল । কৃষকের ছেলেরা প্রত্যেকেই লাঠিগুলো একটা একটা করে খুব সহজেই ভেঙে ফেলল । কৃষক তার ছেলেদের জিজ্ঞাসা করল তোমরা কী কিছু বুঝতে পারলে ? কৃষক আরও বলল যদি তোমরা নিজেদের মধ্যে ঝগড়া না করে একসাথে মিলেমিশে থাক তাহলে বাইরের কেউ তোমাদের কোন ক্ষতি করতে পারবে না ।

নীতিকথা:- একতাই বল ।

Manashi Chaudhuri